বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ই-মেইল dgmlad1@krishibank.org.bd,

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি/প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২১-২০২২/১৩২৩(১২৫০) তারিখঃ ১১/০১/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বিশেষ প্রণোদনা প্যাকেজসমূহের পূর্ণাঙ্গ বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে পর্যালোচনা সভা আয়োজন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি এসিডি সার্কুলার নং-০২ ও বিআরপিডি সার্কুলার নং-০৮, তারিখ যথাক্রমে ১৪/০৯/২০২১ ও ১২/০৪/২০২০ এর প্রতি সংশ্লিষ্ট সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। করোনা ভাইরাসের (COVID-19) প্রাদুর্ভাবের ফলে সম্ভাব্য অর্থনৈতিক ক্ষতি পুষিয়ে নেয়া, শ্রমিকদের কাজে বহাল রাখা, অর্থনৈতিক প্রবৃদ্ধি ধরে রাখা তথা অর্থনীতি পুনরুজ্জীবিতকরণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বিশেষ প্রনোদনা প্যাকেজসমূহের পূর্ণাঙ্গ বাস্তবায়ন অত্যন্ত জরুরী। সে লক্ষ্যে মাঠ পর্যায়ে সচেতনতা বৃদ্ধির জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে প্রধান কার্যালয়ের বোর্ডরুমে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে নিম্নোক্ত তারিখ ও সময়সূচি অনুযায়ী পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবেঃ

| তারিখ ও সময় | অংশগ্রহণকারী বিভাগ | মন্তব্য |
|---|---|---|
| ১৭/০১/২০২২,<br>বিকাল ৪.০০ ঘটিকা | ঢাকা, ময়মনসিংহ,<br>চট্টগ্রাম ও কুমিল্লা | • বিভাগীয় কার্যালয়ের মহাব্যবস্থাপকবৃন্দ সংশ্লিষ্ট কর্মকতাসহ স্ব স্ব কার্যালয় হতে সংযুক্ত থাকবেন।<br>• বিভাগাধীন কর্পোরেট শাখার উপমহাব্যবস্থাপকবৃন্দ সংশ্লিষ্ট কর্মকতাসহ স্ব স্ব শাখা হতে সংযুক্ত থাকবেন।<br>• সংশ্লিষ্ট বিভাগাধীন মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকবৃন্দ তার অঞ্চলাধীন প্রতিটি শাখার শাখা ব্যবস্থাপক এবং অপর একজন কর্মকর্তাসহ আঞ্চলিক কার্যালয় হতে সংযুক্ত থাকবেন। |
| ১৯/০১/২০২২,<br>বিকাল ৪.০০ ঘটিকা | খুলনা, বরিশাল, সিলেট<br>কুষ্টিয়া ও ফরিদপুর | |

০৩। উক্ত পর্যালোচনা সভার জন্য নিম্নলিখিত আলোচ্যসূচি নির্ধারণ করা হয়েছেঃ

ক) নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহ বিশেষ করে এসিডি সার্কুলার নং-০২ তারিখঃ ১৪/০৯/২০২১ এর আওতায় সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা ;

খ) এসএমইএসপিডি এর আওতায় আগামী ২০২৪ সালের মধ্যে অত্র ব্যাংকের মোট ঋণ স্থিতির ২৫% এসএমইএসপিডি আওতায় ঋণ বিতরণ নিশ্চিত করতে হবে ;

গ) নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহ বিশেষ করে বিআরপিডি সার্কুলার নং-০৮ তারিখঃ ১২/০৪/২০২০ এর আওতায় সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা ;

ঘ) নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহ বিশেষ করে এফআইডি-০১ ও এফআইডি-০২ এর আওতায় সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা ;

ঙ) নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহ বিশেষ করে ''ঘরে ফেরা'' বিষয়ক এসিডি সার্কুলার নং-০১/২০২২ তারিখঃ ০৩/০১/২০২২ এর আওতায় সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা ;

চ) প্রনোদনা প্যাকেজ এর আওতায় বিগত বছরে বিতরণকৃত ঋণসমূহ আদায়ের অগ্রগতি ও করণীয় ;

ছ) বিবিধ।

০৪। এমতাবস্থায়, আলোচ্যসূচি অনুযায়ী হালনাগাদ তথ্যসহ সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত ভিডিও কনফারেন্সে সংযুক্ত থাকার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ০২২২৩৩৫৮৬৮১

বিষয় ঃ **মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বিশেষ প্রণোদনা প্যাকেজসমূহের পূর্ণাঙ্গ বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে পর্যালোচনা সভা আয়োজন প্রসঙ্গে।**

নং- বিকেবি/প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২১-২০২২/১৩২৩(১২৫০) তারিখঃ ১১/০১/২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (উক্ত সভায় উপস্থিত থাকার সদয় অনুরোধসহ)।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (উক্ত সভায় উপস্থিত থাকার সদয় অনুরোধসহ)।

০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।

০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ/আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। Zoom Meeting এ অংশগ্রহনকারীদের সংযুক্ত থাকার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ সংযুক্তি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৯। নথি/মহানথি।

(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক